# Visit of Minister of State for External Affairs Shri V. Muraleedharan to the Republic of The Gambia and the Republic of Senegal (1-5 November 2021)

October 27, 2021

---

## বিদেশ প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরনের গ্যাম্বিয়া প্রজাতন্ত্র এবং সেনেগাল প্রজাতন্ত্র সফর (1- 5 নভেম্বর 2021)

অক্টোবর 27, 2021

বিদেশ প্রতিমন্ত্রী শ্রী ভি মুরলীধরন (এমওএস) 1 থেকে 5ই নভেম্বর 2021 -এ একটি সরকারি সফরে গ্যাম্বিয়া প্রজাতন্ত্র এবং সেনেগাল প্রজাতন্ত্র পরিদর্শন করবেন। এই দুটি দেশে এটিই হবে তার প্রথম সফর।

2. 1 থেকে 2 রা নভেম্বর 2021 -এ গ্যাম্বিয়া সফরকালে প্রতিমন্ত্রী গ্যাম্বিয়া প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি মিস্টার অ্যাডামা বারোর সাথে সাক্ষাৎ করা ছাড়াও পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী, আন্তর্জাতিক সহযোগিতা এবং বিদেশে গয়ম্বিয়ানদের মন্ত্রী ডঃ মামাদৌ ট্যাঙ্গারার সাথে দ্বিপাক্ষিক বৈঠক করবেন।আশাকরা যাচ্ছে যে, এই সফরকালে কয়েকটি চুক্তি/ মৌ ও স্বাক্ষরিত হবে। প্রতিমন্ত্রী গ্যাম্বিয়াতে ভারতীয় সাম্প্রদায়ের সাথেও দেখাসাক্ষাৎ করবেন।

3. 4 থেকে 5 ই নভেম্বর 2021-এ সেনেগাল সফর কালে প্রতিমন্ত্রী, পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী এবং বিদেশে সেনেগালিদের মন্ত্রী শ্রীমিতি আইসাটা টল সাল-এর সাথে যুগ্মভাবে তৃতীয় ভারত-সেনেগাল যৌথ কমিশন বৈঠকের (জেসিএম) পৌরোহিত্য করবেন।প্রতিমন্ত্রী তার সফরকালে সেনেগালের রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি মিস্টার ম্যাকেসাল-এর সাথে সাক্ষাৎ করবেন। প্রতিমন্ত্রী সশস্ত্র বাহিনীর মন্ত্রী মিস্টার সিদিকি কাবা ও অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের সাথেও সাক্ষাৎ করবেন।আশা করা যাচ্ছে যে এই সফরকালে কয়েকটি চুক্তি/ মৌ স্বাক্ষরিত হবে। তিনি ডাকারে ভারতীয় সম্প্রদায়ের উদ্দেশ্যে ভাষণ প্রদান করবেন।

4. ভারত, গ্যাম্বিয়া এবং সেনেগালের সাথে বন্ধুত্বপূর্ণ এবং আন্তরিক সম্পর্ক উপভোগ করে । বেশ কয়েক বছর ধরে ভারত, গ্যাম্বিয়া এবং সেনেগালের যুবসম্প্রদায়ের ক্ষমতার বিকাশের ক্ষেত্রে সামনের সারিতে রয়েছে। প্রতিমন্ত্রীর সফর এই দুই দেশের সাথে আমাদের দ্বিপাক্ষিক মৈত্রী বন্ধনের গতিকে বজায় রাখতে সাহায্য করবে।

নিউ দিল্লি
অক্টোবর 27, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.